অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন নিউ ইয়র্কবাসীরা এখন ওমিক্রন সাবভ্যারিয়েন্টের বিরুদ্ধে প্রতিরোধ জোরদার করার জন্য তৈরি নতুন কোভিড-19 টিকার বুস্টার গ্রহণ করতে পারবে

আপডেট হওয়া কোভিড-19 বুস্টার হলো 12 বা তার বেশি বয়সীদের জন্য যারা পূর্বের বুস্টার বা মূল টিকা সিরিজ শেষ করার পর দুই মাস পার করেছে

যেসব স্থানে পূর্বে মাস্ক পড়া আবশ্যক ছিলো, এখন ঐচ্ছিক হবে যেমন গণপরিবহন, ভাড়া গাড়ি, বিমানবন্দর, গৃহহীন আশ্রয়কেন্দ্রে, সংশোধন ফ্যাসিলিটিতে, এবং ডিটেনশন কেন্দ্র

কাছের কোন স্থানে আপডেট হওয়া কোভিড-19 বুস্টার দেওয়া হচ্ছে তা খুঁজে বের করতে, নিউ ইয়র্কবাসীরা 438829 নম্বরে জিপ কোড টেক্সট করতে, 1-800-232-0233 নম্বরে ফোন করতে বা এখানে ভিজিট করতে পারবে

গভর্নর ক্যাথি হোকল আজকে বাইভ্যালেন্ট কোভিড-19 বুস্টার উপলভ্য হওয়ার ঘোষণা করলেন, যা তৈরি করা হয়েছে ওমিক্রন BA.4 এবং BA.5 ভ্যারিয়েন্ট যোগ করার জন্য এবং পূর্বের টিকা সুরক্ষাকে জোরদার করার জন্য। ঘোষণাটি 12 বা তার বেশি বয়সীদের জন্য ফাইজার-বায়োএনটেকের এবং 18 বা তার বেশি বয়সীদের জন্য মডার্নার আপডেট হওয়া কোভিড-19 বুস্টার ব্যবহার করতে সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল এবং প্রিভেনশনের (Centers for Disease Control and Prevention, CDC) সুপারিশের অনুবর্তী। গভর্নর হোকল আজকে ইস্ট হার্লেমের বোরিকেন নেইবারহুড হেলথ সেন্টারে (Boriken Neighborhood Health Center) নিজের বুস্টার টিকা গ্রহণের কিছু সময় পূর্বে এই ঘোষণাটি করেন। আপডেট হওয়া কোভিড-19 বুস্টার নিতে একটি অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য, নিউ ইয়র্কবাসীদের উচিত তাদের নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে, স্থানীয় ফার্মেসিতে বা স্থানীয় কাউন্টি স্বাস্থ্য ডিপার্টমেন্টে যোগাযোগ করা। এছাড়াও কাছাকাছি কেন্দ্রগুলো খুঁজে নিতে নিউ ইয়র্কবাসীরা vaccines.gov ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন।

"যখন আমরা আমাদের সকলের জীবনে এই মহামারীর প্রভাবের সাথে লড়াই করে যাচ্ছি, আমাদের নিশ্চিত করতে হবে যাতে আমরা আমাদের কাছে উপলভ্য সকল হাতিয়ার নিয়ে প্রস্তুত

থাকি," **গভর্নর হোকল বলেন।** "মহামারীর পুরো সময়ে, নিউ ইয়র্কবাসীরা বুদ্ধির পরিচয় দিয়েছে, একে অন্যকে সাহায্য করেছে, এবং নিজেদের ও নিজেদের প্রতিবেশীদের সুরক্ষা করতে পদক্ষেপ নিয়েছে। টিকাগ্রহণ ও বুস্টার গ্রহণ এখনো নিজেদের ও আমাদের মতো নিউ ইয়র্কবাসীদের রাখা করতে আমাদের সেরা উপায়, এবং আমি যোগ্য সকলকে বাইভ্যালেন্ট কোভিড-19 বুস্টারের জন্য সাইন আপ করতে এবং আপডেট রাখার জন্য উৎসাহিত করছি।"

পাশাপাশি, গভর্নর হোকল ঘোষণা করেছেন যে একাধিক জায়গায় যেখানে পূর্বে মাস্ক পড়া আবশ্যিক ছিলো, এখন তা ঐচ্ছিক হবে, যার মধ্যে রয়েছে গণপরিবহন, ভাড়া গাড়ি, বিমানবন্দর, গৃহহীন আশ্রয়কেন্দ্রে, সংশোধন ফ্যাসিলিটিতে, এবং ডিটেনশন কেন্দ্রে। প্রাপ্তবয়স্কদের যত্ন এবং স্বাস্থ্য ডিপার্টমেন্ট (Department of Health, DOH) নিয়ন্ত্রিত স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটিসমূহে, এবং মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH), আসক্তি সেবা ও সমর্থন অফিস (Office of Addiction Services and Supports, OASAS), এবং বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের অফিস (Office for People With Developmental Disabilities, OPWDD) দ্বারা নিয়ন্ত্রিত ক্লিনিক্যাল স্থানসমূহে মাস্ক পড়া বাধ্যতামূলকই থাকবে।

নিউ ইয়র্কের সেবাদানকারীরা এই নতুন বুস্টারগুলি 30 আগস্ট পর্যন্ত প্রি-অর্ডার করতে পারবে, প্রি-অর্ডার করা ডোজের শিপিং শুরু হয়েছে গত সপ্তাহের শেষের দিকে এবং কিছু অবস্থানে তা ইতিমধ্যে পৌঁছে গেছে। আপডেট হওয়া বাইভ্যালেন্ট কোভিড-19 বুস্টারের জন্য যোগ্য হওয়ার জন্য, ব্যক্তিদের অবশ্যই তাদের মূল টিকার সিরিজ শেষ করতে হবে বা কমপক্ষে দুই মাস আগে একটি বুস্টার নিয়ে থাকতে হবে।

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "নভেল করোনাভাইরাস সময়ের সাথে বদলে গেছে, এর অনেক ভ্যারিয়েন্ট এসেছে, যার মধ্যে একটি ওমিক্রন। এই বাইভ্যালেন্ট বুস্টারগুলি প্রথমবারের জন্য একটি প্রচলিত ভ্যারিয়েন্টের জন্য তৈরি করা হয়েছে। আমি সকল যোগ্য নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি এই অগ্রগতির সুযোগ নিয়ে নিজেদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করতে, স্থানীয় ফার্মেসিতে যেতে, বা নিজেদের কাউন্টির স্বাস্থ্য ডিপার্টমেন্টে ফোন করে যত দ্রুত সম্ভব এই বুস্টার গ্রহণ করতে।"

আগামী দিনগুলিতে, স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্ট নিউ ইয়র্ক স্টেটের টিকা কর্মসূচিতে নাম লেখানো সকল প্রদানকারীদের জন্য বাইভ্যালেন্ট বুস্টার ডোজ প্রদান সম্পর্কে আপডেট করা ক্লিনিক্যাল নির্দেশনা জারি করবে। যেইসব সেবাদানকারীরা বাইভ্যালেন্ট কোভিড-19 বুস্টার ডোজ প্রিঅর্ডার করেছে এবং পেয়েছে, তাদের এখন ফেডারেল খাদ্য ও ওষুধ প্রশাসনের (Federal Food and Drug Administration, FDA) এইসব বুস্টারের জরুরি ব্যবহার অনুমোদন এবং আপডেট হওয়া CDC সুপারিশ অনুসারে বুস্টার প্রদান করার অনুমোদন রয়েছে।

সেবাদানকারীদের এছাড়াও খেয়াল করা উচিত যে আপডেট হওয়া ফেডারেল নির্দেশনা অনুযায়ী মনোভ্যালেন্ট mRNA কোভিড-19 টিকা এখন আর 12 বা তার বেশি বয়সীদের জন্য বুস্টার হিসেবে ব্যবহার করার জন্য অনুমোদিত নয়। 12 বা তার বেশি বয়সীদেরকে মনোভ্যালেন্ট ফাইজার-বায়োএনটেক বা মডার্না বুস্টার প্রদানের পূর্বে নির্ধারিত অ্যাপয়েন্টমেন্টের সময়

অবশ্যই পরিবর্তন করে যখন সেই অবস্থানে বাইভ্যালেন্ট কোভিড-19 টিকা উপলভ্য হবে সেই সময় দিতে হবে।

এছাড়াও CDC ইঙ্গিত দিয়েছে যে সামনের সপ্তাহগুলিতে আরো কম বয়সী শিশু গোষ্ঠীর জন্য আপডেট হওয়া কোভিড-19 বুস্টার সুপারিশ করা হবে। তার আগ পর্যন্ত, মনোভ্যালেন্ট mRNA ফাইজার কোভিড-19 টিকা 5 থেকে 11 বছরের শিশুদের বুস্টার হিসেবে এবং সকল প্রাথমিক সিরিজ টিকা হিসেবে ব্যবহার করার জন্য অনুমোদিত থাকবে।

স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্ট CDC-র সুপারিশ প্রচার করে যাচ্ছে যে সকল যোগ্য প্রাপ্তবয়স্ক, কিশোর এবং পাঁচ বছর বা তার বেশি বয়সী শিশুদের সম্পূর্ণ টিকা গ্রহণ করা এবং যোগ্য হলে কোভিড-19 টিকা গ্রহণ করা উচিত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418